

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১১.৮০৮

তারিখ: ০৫ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২য় ও ৩য় গণবিজ্ঞপ্তিতে এনটিআরসিএ কর্তৃক ননএমপিও সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের এমপিও প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২য় ও ৩য় গণবিজ্ঞপ্তিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ননএমপিও পদে সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের এমপিও প্রদানের বিষয়ে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে :

- (১) চাহিদা প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে ভুল চাহিদা প্রদানের জন্য কারণ দর্শানো;
- (২) এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কেবল প্যাটার্নভুক্ত পদের ননএমপিও সুপারিশকৃত শিক্ষকবৃন্দ বিধি মোতাবেক এমপিওভুক্ত হতে পারবেন;
- (৩) কোনোভাবে ননএমপিও সুপারিশপ্রাপ্ত শিক্ষক শূন্যপদের বিপরীতে সমন্বয় করা যাবে না ;
- (৪) এ সিদ্ধান্ত এনটিআরসিএ কর্তৃক জারিকৃত শুধুমাত্র ২য় এবং ৩য় নিয়োগ চক্রের ননএমপিও পদে সুপারিশকৃত শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- (৫) চাহিদা প্রদানকারী ননএমপিওভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি এমপিও আদেশপ্রাপ্ত হলে বা ননএমপিও স্তর নতুন করে এমপিওভুক্ত হলে ঐ শিক্ষকগণ বিধি মোতাবেক এমপিওভুক্ত হতে পারবে;
- (৬) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন-২০০৫ এর ১০ ধারা অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিয়োগের তালিকা প্রণয়ন নিবন্ধন ও প্রত্যয়ন ব্যতীত এমপিওভুক্তির বিষয়টি মন্ত্রণালয়ের অধীন হওয়ায় ২য় নিয়োগচক্রে এনটিআরসিএ কর্তৃক প্রদানকৃত সুপারিশপত্রে “সুপারিশকৃত পদটি ননএমপিও বিধায় এতে সুপারিশকৃত প্রার্থীরা কখনও এমপিও সুবিধা দাবী করতে পারবেন না। এ সুপারিশ ননএমপিও পদ হতে এমপিও পদে সমন্বয় করার সুপারিশ নয় এবং এর মাধ্যমে প্রার্থীর এমপিও প্রাপ্তির কোনো অধিকার জন্মাবে না” মর্মে উল্লিখিত ০৪ নং শর্ত বাতিল করা হলো।

২.০ এমতাবস্থায়, বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২য় ও ৩য় গণবিজ্ঞপ্তিতে এনটিআরসিএ কর্তৃক প্যাটার্নভুক্ত পদের ননএমপিও সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের এমপিও প্রদানের বিষয়ে উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/১২/২০২২  
(মো: মিজানুর রহমান)  
উপসচিব  
ফোন: ৫৫১০০৫১৭  
ইমেইল: [ds.mpo@moedu.gov.bd](mailto:ds.mpo@moedu.gov.bd)

বিতরণ:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোত্তর ত্রুমানুসারে নয়) :

১. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
৭. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
৮. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-৩) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।